তারিখ ...26 APR 2016...
পৃষ্ঠা ...৫... কলাম...৬......

সংবাদ

# কালীগঞ্জে শিক্ষকের বেত্রাঘাতে মাদ্রাসা ছাত্র আহত

**প্রতিনিধি, কালীগঞ্জ (গাজীপুর)**

গাজীপুরের কালীগঞ্জে সোম মোজাদ্দেদীয়া সুন্নীয়া দাখিল মাদ্রাসার শিক্ষক বেত্রাঘাত করে আহত করেছেন তারই মাদ্রাসার ৭ম শ্রেণির এক শিক্ষার্থীকে। ঘটনার পর গতকাল রোববার ওই শিক্ষার্থীর বাবা ছেলের শারীরিক নির্যাতনের বিচার চেয়ে ইউএনওর কাছে লিখিত অভিযোগ করেছেন।

জানা গেছে, উপজেলার তুমলিয়া ইউনিয়নের ওই মাদ্রাসার শিক্ষক এটিএম ফারুক হোসেন শিক্ষার্থী মো. তাসনিমুর রহমান রায়হানকে (১৩) অন্যায় ভাবে বাঁশের কঞ্চি দিয়ে শারীরিক নির্যাতন করে। এতে ওই শিক্ষার্থী ডান হাতের কব্জি ভেঙে গেছে এবং শারীরের বিভিন্ন স্থানে গুরুতর রক্তাক্ত জখম হয়। ঘটনার পর মাদ্রাসার অন্য শিক্ষক ও শিক্ষার্থীরা তাকে উদ্ধার করে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। ওই শিক্ষার্থীর বাবা মো. মাসুদুর রহমান ছেলের শারীরিক নির্যাতনের বিচার চেয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. মনিরুজ্জামানের কাছে একটি লিখিত অভিযোগ করেছেন।

নির্যাতনের শিকার ওই শিক্ষার্থীর বাবা মো. মাসুদুর রহমান জানান, তিনি সকালে মাদ্রাসার জরুরি কাজে গাজীপুর জেলা পরিষদে যান। দুপুরে মোবাইল ফোনের মাধ্যমে তার ছেলের শারীরিক নির্যাতনের খবর পান। ছেলেকে অন্যায়ভাবে মারার কারণে নির্যাতনকারী ওই শিক্ষকের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেন।

অভিযুক্ত ওই মাদ্রাসা শিক্ষক এটিএম ফারুক হোসেন ঘটনার সত্যতা স্বীকার করে মুঠো ফোনে বলেন, ছাত্র অন্যায় করেছে তাই শাসন করেছি।

এ ব্যাপারে ইউএনও মো. মনিরুজ্জামান বলেন, শিক্ষার্থীকে শারীরিক নির্যাতনের ঘটনার কথা তিনি শুনেছেন এবং লিখিত অভিযোগ পেয়েছেন। ওই শিক্ষক দোষী হলে তদন্ত করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।